জেলা পরিষদ কার্যালয়
সাতক্ষীরা
www.zpsatkhira.gov.bd



স্মারকনং: ৪৬.০০.৮৭০০.০০০.০০২.২০.০১.২৬- ৮৭৬

তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ / ১৮আগস্ট ২০২৬

**শিক্ষা বৃত্তির বিজ্ঞপ্তি :**

সাতক্ষীরা জেলা পরিষদের ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেটের নিজস্ব তহবিলের আওতায় সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা ও দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলি :**

| | |
|---|---|
| ০১। | আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অবশ্যই সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। |
| ০২। | আবেদনকারী ছাত্র-ছাত্রীকে নিয়মিত শিক্ষার্থী হতে হবে যারা ২০২৬ সনে এস.এস.সি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা সরকার কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ এস সি বা সমমান শ্রেণিতে অধ্যয়নরত অথবা দেশের অভ্যন্তরীন কোন পাবলিক বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশলী/ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ বা জাতীয় বিশ্ববিদ্যালয় অধীন কলেজ/মাদ্রাসাসমূহে স্নাতক, স্নাতক(সম্মান), স্নাতকোত্তর/সমমান শ্রেণিতে অধ্যয়নরত হবেন। |
| ০৩। | আবেদনকারীর মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পরীক্ষায় বিজ্ঞান, মানবিক বা বানিজ্য বিভাগে জিপিএ ৫.০০ এবং প্রতিবন্ধী প্রার্থীদের জিপিএ সর্বনিম্ন ৩.০০ থাকতে হবে। |
| ০৪। | আবেদনকারী ছাত্র-ছাত্রীর অভিভাবকের বার্ষিক আয় ৯০,০০০/-(নব্বই হাজার) টাকার নিম্নে হলে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। |
| ০৫। | বৃত্তির ফরম অফিস চলাকালীন সময়ে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয় হতে অথবা সাতক্ষীরা জেলা পরিষদের ওয়েবসাইট-www.zpsatkhira.gov.bd হতে ডাউনলোড করত: পূরণ করে স্বাক্ষরপূর্বক জমা প্রদান করতে হবে। |
| ০৬। | আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে: |
| | (ক) সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন/নাগরিকত্ব সনদপত্র (পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)। |
| | (খ) সর্বশেষ পরীক্ষার মার্কসীট/সনদপত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙ্গিন ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)। |
| | (গ) আবেদনপত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামত প্রদান করতে হবে। |
| | (ঘ) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয়ের পরিমাণ উল্লেখ করে আর্থিক অস্বচ্ছলতার সনদপত্র। |
| | (ঙ) আবেদনকারীর পিতা-মাতা/ অভিভাবক চাকুরীজীবী হলে সংশ্লিষ্ট অফিস প্রদান কর্তৃক প্রদত্ত মূল বেতনের প্রত্যয়নপত্র জমা প্রদান করতে হবে। |
| ০৭। | বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ৩০-০৯-২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি অথবা ডাকযোগে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে। |
| ০৮। | অসম্পূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ০৯। | বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে সাতক্ষীরা জেলা পরিষদ কার্যালয় হতে জানা যাবে। |
| ১০। | কর্তৃপক্ষ যে কোন শর্ত সংশোধন/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

১৮/০৮/২০২৫

এস. এম মাহফুজুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, সাতক্ষীরা।
E mail: zpsatkhira@gmail.com

অনুলিপি :সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা।

০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সাতক্ষীরা।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, আশাশুনি, তালা, কলারোয়া, কালিগঞ্জ, দেবহাটা ও শ্যামনগর, সাতক্ষীরা (তাঁর উপজেলাধীন সংশ্লিষ্ট কলেজ বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

০৬। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা- তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে অনুরোধ করা হলো।

০৭। সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা- (বিজ্ঞপ্তিটি ২০-০৮-২৬ তারিখের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় একবার মাত্র প্রকাশের অনুরোধসহ)।

০৮। সম্পাদক, দৈনিক দৃষ্টিপাত, সাতক্ষীরা- (বিজ্ঞপ্তিটি ২০-০৮-২৬ তারিখের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় একবারমাত্র প্রকাশের অনুরোধসহ) ।

০৯। জেলা পরিষদ নোটিশ বোর্ড।

১৮/০৮/২০২৫

এস.এম মাহফুজুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, সাতক্ষীরা।